# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

**স্মারক নং-৫৭.১৭.০০০০.৫০২.৩৪.০১৬.২১/০৪৫** **তারিখঃ ১৬-০৯-২০২১ খ্রি.**

**বিষয়ঃ** কম্পিটেন্সি বেইস্‌ড ট্রেনিং অ্যান্ড এসেসমেন্ট (সিবিটি অ্যান্ড এ) কার্য পরিচালনার জন্য সাময়িকভাবে অ্যাক্রিডিটেশন প্রদান প্রসংগে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত শর্তাবলি আরোপ পূর্বক **ECO Institute of Technology (EIT), Thakurgaon** - কে নিম্নেবর্ণিত অকুপেশনে সাময়িকভাবে **১** (এক) বছরের জন্য সিবিটি অ্যান্ড এ কার্য পরিচালনার জন্য অ্যাক্রিডিটেশন প্রদান করা হলো।

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিম্নে উল্লিখিত অকুপেশনে আরটিও হিসেবে অ্যাক্রিডিটেশনঃ | লেভেল | আসন সংখ্যা |
|---|---|---|---|
| **ECO Institute of Technology (EIT), Thakurgaon**<br>**Address**: College Para,Gabindanagar, Thakurgaon Sadar, Thakurgaon-5100<br>**Mobile**: 01912-307022, 01750-996690<br>**Email**: eti.thakurgaon@gmail.com | ১। ম্যাশনারি | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |
| | ২। সুইং মেশিন অপারেশন | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |
| | ৩। ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এ্যান্ড মেইনটেন্যান্স (সিভিল কনস্ট্রাকশন) | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |
| | ৪। টাইলস্‌ এন্ড মার্বেল ফিটিংস্‌ | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |
| | ৫। কম্পিউটার অপারেশন | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |
| | ৬। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | এনএসসি লেভেল- ০১ | ২০ জন |
| | | এনএসসি লেভেল- ০২ | ২০ জন |

**শর্তাবলি ঃ**

১. প্রশিক্ষণ কার্য শুরু করার পূর্বে শিক্ষক/প্রশিক্ষক-দের কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট মোতাবেক অবশ্যই বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সার্টিফাইড হতে হবে।

২. সিবিটি অ্যান্ড এ কার্য কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট এবং কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানুয়াল অনুসরণ করে পরিচালনা করতে হবে।

৩. সিবিটি অ্যান্ড এ কার্য পরিচালনার জন্য অ্যাক্রিডিটেশন প্রদান ও অনুমোদন নবায়ন করার জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানুয়াল-এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করা হবে।

৪. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের অনুমোদনকৃত প্রশিক্ষণ কার্য পরিচালনার আয়-ব্যয়ের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৫. কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট এবং কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানুয়াল অনুযায়ী প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি, শিক্ষক/প্রশিক্ষক এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।

৬. প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্ট পরিচালনার জন্য পর্যাপ্ত কাঁচামাল নিশ্চিত করতে হবে।

৭. বোর্ডের সংশ্লিষ্ট কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট ও কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রশিক্ষণ বাস্তবায়ন, প্রমানক সংরক্ষণ নিশ্চিত করতঃ প্রশিক্ষণের মান বজায় রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে অকুপেশন সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক পুস্তকের ব্যবস্থাসহ গ্রন্থাগার ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।

৯. ভর্তিকৃত প্রশিক্ষণার্থী ও অ্যাসিসি দের রেকর্ড সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ রাখতে হবে।

১০. কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট অনুযায়ী ইউনিট অব কম্পিটেন্সি চার্ট প্রস্তুত ও অনুসরণ করতে হবে।

১১. প্রশিক্ষণার্থীদের ফিডব্যাক প্রদান ও বিশেষ সাপোর্ট সিস্টেম সংক্রান্ত তথ্য সংরক্ষণ করতে হবে।

১২. প্রতিষ্ঠান/প্রশিক্ষক কর্তৃক অ্যাসেসমেন্ট প্ল্যান প্রস্তুত, অনুসরণ ও সংরক্ষণ করতে হবে।

১৩. প্রশিক্ষণার্থীদের এ্যাসেমেন্ট রিকোয়ারমেন্ট প্রশিক্ষণের শুরুতে বোর্ডকে অবহিত করতে হবে।

১৪. প্রশিক্ষণ শেষে কম্পিটেন্ট প্রশিক্ষণার্থীদের জব প্লেসমেন্ট সহায়তা প্রদানের ব্যাবস্থা করতে হবে।

১৫. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের গ্রন্থাগার সামগ্রি ও কাঁচামাল এবং টুলস ও ইকুইপমেন্ট ব্যবহারের প্রমাণক হিসেবে অবজারভেশন সীট প্রস্তুত ও ব্যবহার করতে হবে।

১৬. বোর্ড প্রণীত ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ব্যবস্থা করতে হবে।

১৭. ১ (এক) বছর পর প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত অকুপেশনের প্রশিক্ষণের মান, প্রশিক্ষণ কার্য বিষয়ক সুযোগ-সুবিধা সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদন নবায়ন করা যাবে।

১৮. প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস,আর,ও নং ২৬৭-আইন/২০০৯) এর বিধান অনুযায়ী ব্যবস্থা নিতে হবে (বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য)।

১৯. অ্যাক্রিডিটেশন প্রদানের পর হতে প্রতিষ্ঠানটি স্বীকৃতি প্রাপ্ত অকুপেশনের এ্যাসেসমেন্ট কেন্দ্র হিসেবে গণ্য হবে।

উল্লিখিত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে বিধি অনুসারে বোর্ড কর্তৃক প্রদত্ত অ্যাক্রিডিটেশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

**-স্বাক্ষরিত-**
**প্রফেসর মোঃ মামুন উল হক**
**পরিচালক**
(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়)

**Principal,**
**ECO Institute of Technology (EIT), Thakurgaon**
**Address**: College Para,Gabindanagar, Thakurgaon Sadar, Thakurgaon-5100
**Mobile**: 01912-307022, 01750-996690
**Email**: eti.thakurgaon@gmail.com

**স্মারক নং-৫৭.১৭.০০০০.৫০২.৩৪.০১৬.২১/০৪৫(৮)** **তারিখঃ ১৬-০৯-২০২১ খ্রি.**

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। **Principal, ECO Institute of Technology (EIT), Thakurgaon.**
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট গ্রহণ, সনদ প্রদান সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের প্রশিক্ষণার্থীদের ২০২১ শিক্ষাবর্ষ হতে রেজিস্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ প্রোগ্রামার/সহকারি প্রোগ্রামার, বাকাশিবো, ঢাকা।
(উল্লিখিত প্রতিষ্ঠানটির কোড নম্বর প্রদানসহ কম্পিউটারে ডাটা সংরক্ষণ ও অ্যাসেসমেন্ট সংক্রান্ত যাবতীয় কার্য গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। নথি।-

এস এম শাহজাহান
**উপ-পরিচালক**
(কোর্স অ্যাক্রিডিটেশন)